**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 22-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM Dr. Manik Saha on panchayet award :

তৃণমূল স্তরে পরিষেবা প্রদানের পরিসর সম্প্রসারণের ক্ষেত্রে উৎকৃষ্ট কাজের জন্য জিরানিয়া ব্লকের অন্তর্গত পশ্চিম মজলিশপুর গ্রাম পঞ্চায়েত দ্বিতীয় স্থান অর্জন করেছে। প্রথম স্থানে রয়েছে মহারাষ্ট্রের রোহিণী পঞ্চায়েত। গতকাল কর্মী, জনঅভিযোগ ও পেনশন মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক সংস্কার ও জনঅভিযোগ বিভাগ পুরস্কার প্রাপকের তালিকা ঘোষণা করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সামাজিক মাধ্যমে জানান, ত্রিপুরায় পঞ্চায়েতি রাজ ব্যবস্থার সফলতার মুকুটেএই পুরস্কার নতুন পালক যুক্ত করল।তিনি জানান, আগামী ৯ থেকে ১০ই জুন বিশাখাপট্টনামে আয়োজিত ই-গভর্নেন্স বিষয়ক জাতীয় সম্মেলনে পুরস্কার হিসেবে পদক, শংসাপত্র এবং নগদ পাঁচ লক্ষ টাকা রাজ্যের প্রতিনিধিদের হাতে তুলে দেওয়া হবে। গত বছর ত্রিপুরা পঞ্চায়েতি রাজ ব্যবস্থাপনায় উৎকৃষ্টতার জন্য বিভিন্ন বিভাগে মোট সাতটি জাতীয় পুরস্কার লাভ করেছিলো যা দেশের মধ্যে সর্বোচ্চ বলে মুখ্যমন্ত্রী জানান। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানান, নাগরিক পরিষেবা প্রদানের মাধ্যমে এই সাফল্য অর্জন হয়েছে।

*****************

## PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজস্থানের বিকানেরে ২৬ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এই প্রকল্পগুলি রেলওয়ে, সড়কপথ, বিদ্যুৎ, জল এবং নতুন ও

পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই সফরকালে, প্রধানমন্ত্রী ১৮টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৬টি জেলায় ১০৩টি পুনর্নির্মিত অমৃত স্টেশনের উদ্বোধন করবেন।

*****************

**Oporetion Sindoor :**

অপারেশন সিন্দুরের পর পাকিস্তানের মদদপুষ্ট সন্ত্রাসবাদ উন্মোচন করতে ভারত, কূটনৈতিক যোগাযোগ কর্মসূচি শুরু করেছে। এই লক্ষ্যে জেডি(ইউ) সাংসদ সঞ্জয় কুমার ঝা-এর নেতৃত্বে একটি সর্বদলীয় প্রতিনিধিদল গতকাল ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, কোরিয়া প্রজাতন্ত্র এবং সিঙ্গাপুর সফরের জন্য যাত্রা শুরু করেছে। শিবসেনা সাংসদ শ্রীকান্ত্ শিন্ডের নেতৃত্বে আরেকটি প্রতিনিধিদল গতকাল সংযুক্ত আরব আমীর শাহী, লাইবেরিয়া, গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গো এবং সিয়েরা লিওন সফরে যাচ্ছে। প্রতিনিধিরা সকল ধরণের সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের দৃঢ় দৃষ্টিভঙ্গি তুলে ধরবেন।

****************

**CM-Offer :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বচ্ছতার সঙ্গে নিয়োগ নীতি প্রণয়ন করে রাজ্যে সরকারি চাকরি প্রদান করা হচ্ছে। গতকাল যারা সরকারি চাকরিতে যোগদান করছেন, তারা সকলে তাদের মেধা এবং কঠোর পরিশ্রমের ফলেই চাকরি পেয়েছেন। গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে ফুড ইনস্পেক্টর পদে নির্বাচিত চাকরি প্রাপকদের মধ্যে নিয়োগপত্র প্রদান অনুষ্ঠান এবং মেগা রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন।

মুখ্যমন্ত্রী আরো বলেন, এই সরকার ক্ষমতায় আসার পর থেকে গতকাল পর্যন্ত ডাই-ইন-হারনেস সহ মোট ১৯ হাজার ২৬২ জনকে বিভিন্ন দপ্তরে সরকারি

চাকরি দেওয়া হয়েছে। বিভিন্ন দপ্তরে নতুন পদ সৃষ্টি সহ শূন্য পদগুলি পূরণেরও উদ্যোগ নেওয়া হয়েছে। খাদ্য দপ্তরে আরও ১২ জন সাব ইনস্পেক্টর, ৩ জন ফিউমিগেশন অ্যাসিস্টেন্ট, ৬ জন স্টোরকিপার এবং ৩৫ জন স্টোর গার্ড পদে নিয়োগ করার উদ্যোগ নেওয়া হয়েছে|

**************

**MAO-Chottishgor :**

ছত্তিশগড়ে নিরাপত্তারক্ষীর সাথে গুলি বিনিময়ে গতকাল ২৯ জন মাওসন্ত্রাসবাদী নিহত হয়েছেন | নিহতদের মধ্যে মাও গোষ্ঠীর সাধারণ সম্পাদক তথা শীর্ষ নকসাল নেতা বাসব রাজুও রয়েছেন | প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের আভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষ্যায় নিরাপত্তা বাহিনীর এই সফল্য সন্তোষপ্রকাশ করেন | সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রধানমন্ত্রী জানান সরকার জনগনের সুরক্ষার জন্য প্রতিশ্রুতিবদ্ধ |

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, জনজাতি অধ্যুষিত এলাকায় বসবাসকারী দরিদ্র মানুষদের স্বাবলম্বী করে তোলার উদ্দেশ্যে একটি বিশেষ পাইলট প্রকল্প হাতে নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে এই পাইলট প্রকল্পটি তেলিয়ামুড়া কৃষি মহকুমা তত্ত্বাবধায়কের অধীনে থাকবে| এই প্রকল্পের মাধ্যমে আনারস ও কলা চাষকে উৎসাহিত করে জনজাতি জনগণের আর্থিক উন্নয়ন ঘটানো হবে।গতকাল তেলিয়ামুড়ায় এক বৈঠকে তিনি একথা জানান। মন্ত্রী জানান, এই প্রকল্প শুধু উৎপাদন নয়, মানুষের জীবনে স্থায়ী স্বনির্ভরতা গড়ে তোলার একটি বাস্তব পদক্ষেপ।

***************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

***************

**ফুটবল:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ইয়ুথ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ইয়ুথ ক্লাব ৫-0 গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে পরাজিত করে।

*********************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয় আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। |

আগরতলায় আজ ভোর পর্যন্ত  বৃষ্টিপাতের পরিমান ছিল ১৭.৮ মিলিমিটার | ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল  ২৬.৬ ডিগ্রী সেলসিয়াস |

**************

**********